

দম্পতি গ্রেফতার

■ জাল নোট চক্রের সঙ্গে জড়িত সন্দেহে এক দম্পতি গ্রেফতার হল। শনিবার রাতে, বড়বাজারে। ধৃত মহম্মদ সাবির ও আফসানা বেগম বৌবাজারের বাসিন্দা। ধৃতদের থেকে পাঁচটি জাল পাঁচশো টাকার নোট মিলেছে। পুলিশ জানায়, ওই দম্পতির নামে অভিযোগ আসছিল, বিভিন্ন দোকানে ঢুকে তাঁরা জাল টাকা ভাঙিয়ে জিনিস কিনছেন। দোকানিরা তাঁদের ধরতে পারছিলেন না। শনিবারও বড়বাজারের একটি দোকান থেকে পাঁচশো টাকার নোট ভাঙিয়ে জিনিস কেনেন ওই দম্পতি। সন্দেহ হওয়ায় দোকানদার পুলিশে খবর দেন। পুলিশ নোটগুলি পরীক্ষা করে দেখে, সেগুলি জাল। এর পরেই ওই দম্পতিকে ধরা হয়। তদন্তকারীরা জানান, ওই দম্পতি জাল নোট চক্রের সঙ্গে জড়িত কয়েক জনের নাম জানিয়েছেন। বিহার, আসানসোল-সহ বেশ কিছু জায়গা থেকে তাঁরা ওই নোট পেয়েছেন বলে পুলিশকে জানান।

মৃতদেহ উদ্ধার

■ গঙ্গা থেকে এক ব্যক্তির দেহ উদ্ধার হল। রবিবার, আহিরীটোলা ঘাটে। পুলিশ সূত্রে খবর, মৃত অশোক দাসের (৩০) বাড়ি জোড়াবাগানে। পুলিশ জানায়, ওই ব্যক্তি এ দিন ভোরে মৃতদেহ সংস্কার করতে গিয়েছিলেন। স্নান করতে নেমে তলিয়ে যান তিনি। ঘণ্টা দুয়েক পরে তাঁর দেহ ভেসে ওঠে।

কলকাতা

এখানে-ওখানে

নিখোঁজ যুবক

■ বাড়ি থেকে বেরিয়ে নিখোঁজ হলেন এক যুবক। শুক্রবার, দমদম থানার নাগেরবাজারে। ইন্দ্রনীল মুখোপাধ্যায় নামে ওই যুবকের বাড়ি আর এন গুহ রোডে। তাঁর আত্মীয়েরা পুলিশকে জানান, শুক্রবার বিকেলে এক বন্ধুর বাড়িতে যাওয়ার কথা বলে বেরোন ইন্দ্রনীল। রাত আটটা নাগাদ তাঁকে ফোন করা হলে তিনি জানান, কিছুক্ষণের মধ্যেই ফিরবেন। কিন্তু আর ফেরেননি। পুলিশ জানায়, ইন্দ্রনীলের মোবাইলও বন্ধ। দমদম থানায় নিখোঁজ ডায়েরি হয়েছে। ইন্দ্রনীলের বাড়ির লোকদের জিজ্ঞাসাবাদ করছে পুলিশ।

নতুন প্রকল্প

■ কাজের সূত্রে বহু মানুষই এখন দেশের বাইরে। দেশে বৃদ্ধ বাবা-মায়েদের দেখাশোনার কার্যত কেউ নেই। তাঁদের জন্যই 'হেল্থকেয়ার ফর ওভারসিজ পেরেন্টস অ্যান্ড এল্ডার্স' বা 'হোপ' নামে একটি প্রকল্প চালু করেছে ই এম বাইপাসের মেডিকা সুপার স্পেশ্যালিটি হাসপাতাল। নির্দিষ্ট অর্থের ভিত্তিতে নাম নথিভুক্ত করলে নিয়মিত

চিকিৎসকের চেক-আপ, পরীক্ষা-নিরীক্ষা, ওষুধপত্র বাড়িতে পাঠানো, এমনকী অসুস্থ হলে অ্যাম্বুল্যান্স পাঠিয়ে বাড়ি থেকে হাসপাতালে এনে ভর্তি ব্যবস্থাও করা হবে। হাসপাতালের বিল বিদেশে সংশ্লিষ্ট ব্যক্তির আত্মীয়ের কাছে পাঠানো হবে। বিল মেটাতে হবে এর দু'সপ্তাহের মধ্যে।

আনন্দবাজার

1st Edition-Theory of Classical Dance (ওড়িসি, কথক, ভারত নাট্যম)। নূপুর মুখার্জী 'তুলির টানে' কসবা 98303 11975, প্রাপ্তিস্থান- নাথ ব্রাদার্স (কলেজ স্ট্রিট), প্রাচীন কলাকেন্দ্র। A100498001-ED

২ ০১০ প্রসাদ পুরস্কারপ্রাপ্ত ত্রিদিবেশ রচনাবলী, ৩০০ তপন পুস্তকালয়, ভবানী দত্ত সেন, স্টল-২৫, কলেজ স্ট্রিট 9433034631 A102579001-713044-1

প্রস্তুতি এখনই শুরু হোক

পলিটেকনিক গাইড

JEXPO 2011 • Rs. 290
পরীক্ষার আগে বিনামূল্যে দেওয়া হবে
FREE SUPPLEMENT
(with Suggested Questions)

প্রচুর অনুশীলনের জন্য

পলিটেকনিক MCQ

বাংলা মাধ্যম 160/- • ENG.med. 160/-

ORIENTAL

১৯
২০
২১
২২
২৩
২৪
২৫
২৬
২৭
২৮
২৯
৩০
৩১
৩২
৩৩
৩৪
৩৫
৩৬
৩৭
৩৮
৩৯
৪০
৪১
৪২
৪৩
৪৪
৪৫
৪৬
৪৭
৪৮
৪৯
৫০
৫১
৫২
৫৩
৫৪
৫৫
৫৬
৫৭
৫৮
৫৯
৬০
৬১
৬২
৬৩
৬৪
৬৫
৬৬
৬৭
৬৮
৬৯
৭০
৭১
৭২
৭৩
৭৪
৭৫
৭৬
৭৭
৭৮
৭৯
৮০
৮১
৮২
৮৩
৮৪
৮৫
৮৬
৮৭
৮৮
৮৯
৯০
৯১
৯২
৯৩
৯৪
৯৫
৯৬
৯৭
৯৮
৯৯
১০০